



## জাতীয় বিশ্ববিদ্যালয়

আরক নং- ১৬(৭৬৯)জাতীয়বিঃ/রেজি: অ্যাকা: /প্রফেশনাল ভর্তি/২০২০-২১/৪৬২০

তারিখ: ১২/০৮/২০২০

### ২০২০-২০২১ শিক্ষাবর্ষে মাস্টার্স (প্রফেশনাল) ভর্তি কার্যক্রমে অনলাইন প্রাথমিক আবেদনের সময় বৃদ্ধি সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তি

কোভিড-১৯ মহামারি ও বিদ্যমান বন্যা পরিস্থিতির কারণে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০২০-২০২১ শিক্ষাবর্ষে মাস্টার্স (প্রফেশনাল) ভর্তি কার্যক্রমে এলএলবি ১ম পর্ব (২০২০-২১)/পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন জার্নালিজম (২০২০-২১)/পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন লাইব্রেরি এন্ড ইনফরমেশন সায়েন্স (২০২০-২১)/এমএসসি ইন কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (২০১৮-১৯)/মাস্টার অব বিজনেস এ্যাডমিনিস্ট্রেশন [এমবিএ] (২০১৮-১৯)/এমবিএ ইন অ্যাপারেল মার্চেডাইজিং (২০১৯-২০) কোর্সসমূহে অনলাইন প্রাথমিক আবেদনের সময় ১৭ আগস্ট ২০২০ তারিখ রাত ১২টা পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট থেকে আঞ্চলীয় প্রার্থীদের অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ করতে হবে এবং উক্ত ফরমের প্রিন্ট কপিসহ আবেদন ফি বাবদ ৩০০/- (তিনিশত) টাকা সংশ্লিষ্ট কলেজে ১৮ আগস্ট ২০২০ তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে।

এ সংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের ([www.nu.ac.bd/admissions](http://www.nu.ac.bd/admissions)) Prospectus/Important Notice অপশন থেকে জানা যাবে।

### ২০২০-২০২১ শিক্ষাবর্ষে মাস্টার্স (প্রফেশনাল) ভর্তি কার্যক্রম নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সম্পন্ন করতে হবে

ক্রমিক	বিবরণ	তারিখ
১।	অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ ও এর প্রিন্ট কপি সংগ্রহ করার সর্বশেষ তারিখ:	১৭/০৮/২০২০ (রাত ১২টা)
২।	আবেদনকারীর প্রিন্ট করা প্রাথমিক আবেদন ফরমটির নির্ধারিত স্থানে তারিখসহ স্বাক্ষর করে আবেদন ফি বাবদ ৩০০/- (তিনিশত) টাকাসহ আবেদন ফরমে উল্লিখিত প্রয়োজনীয় কাগজপত্র সংশ্লিষ্ট কলেজে জমা দেয়ার সর্বশেষ তারিখ:	১৮/০৮/২০২০
৩।	কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন ফরম অনলাইনে নিশ্চয়ন করার সর্বশেষ তারিখ:	১৯/০৮/২০২০
৪।	কলেজ কর্তৃক আবেদনকারীদের প্রাথমিক আবেদন ফি'র জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত অংশ [জনপ্রতি ২০০/- (দুইশত) টাকা হারে] "সোনালী সেবা" এর মাধ্যমে সংশ্লিষ্ট থাতে (ভর্তি ফাস্ট) যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দেয়ার তারিখ:  এ লক্ষ্যে সংশ্লিষ্ট কলেজকে <b>Login</b> এর মাধ্যমে <b>Application Payment Info (Masters Prof.)</b> অপশনে ক্লিক করে <b>Pay Slip</b> ডাউনলোড করতে হবে এবং এর প্রিন্ট কপি নিয়ে যে কোন 'সোনালী সেবা' প্রদানকারী নিকটস্থ সোনালী ব্যাংক শাখায় নির্ধারিত ফি জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।	২০/০৮/২০২০ থেকে ২৫/০৮/২০২০

বিঃ দ্রঃ সংশ্লিষ্ট সকলকে কোভিড-১৯ মহামারি সম্পর্কিত সকল স্বাস্থ্যবিধি মেনে এ ভর্তি কার্যক্রম অনলাইনে সম্পন্ন করতে হবে।

স্বাক্ষরিত/-

(প্রফেসর ড. মো: আনেয়ার হোসেন)

ডিন (ভারপ্রাপ্ত)

স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪

ই-মেইল- pgdeanoffice@gmail.com

আরক নং- ১৬(৭৬৯)জাতীয়বিঃ/রেজি: অ্যাকা: /প্রফেশনাল ভর্তি/২০২০-২১/৪৬২০

তারিখ: ১২/০৮/২০২০

#### বিতরণ:

- ১। পরিচালক, তথ্য ও প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)
- ২। পরিচালক, অর্থ ও হিসাব, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৩। পরিচালক, জনসংযোগ, তথ্য ও পরামর্শ দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (কল সেন্টার, ইলেক্ট্রনিক মিডিয়া ও দৈনিক পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)
- ৪। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৬। সচিব, ভাইস চ্যাপেল দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৭। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যাপেল দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৮। অফিস কপি

উপ-রেজিস্ট্রার (মাস্টার্স ও প্রফেশনাল)

স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪

ফোন নং: ০১৭৬৮৫১৯৫০১, ০১৩০৩৮৫৯২৬২, ০১৭১৭৭৪৩৪৬৬

(যে কোন অনুসন্ধানের জন্য সকাল ১০টা হতে দুপুর ১২টাৰ  
মধ্যে ফোন করতে হবে।)